



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৭৪১

তারিখ: ৩১ আষাঢ়, ১৪২৮

১৫ জুলাই ২০২১

বিষয়: ভিজিএফ খাতে চাল বিলি-বিতরণ

সূত্র: চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ০৭/০৭/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৩২.০০২.২০.৬৯৬ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ভিজিএফসহ চলমান খাতসমূহে আমদানিকৃত/বিতরণযোগ্য চাল বিলি-বিতরণের নির্দেশনা মোতাবেক জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক স্ব স্ব অধিক্ষেত্রে বিতরণযোগ্য চালের জারিকৃত চলাচল সূচি বাস্তবায়নধীন রয়েছে। তাছাড়া যে সমস্ত বিভাগে বিতরণযোগ্য চালের ঘাটতি রয়েছে সেসমস্ত বিভাগে চাহিদা মোতাবেক খাদ্য অধিদপ্তর থেকে জারিকৃত সূচি বাস্তবায়ন চলমান রয়েছে। স্থানীয় প্রশাসন কর্তৃক ভিজিএফ খাতে চাল-বিতরণের নির্ধারিত তারিখের মধ্যে চলমান সূচির চাল প্রাপক কেন্দ্রে পৌঁছানো সম্ভব না হলে সেক্ষেত্রে স্থানীয়ভাবে সংগৃহীত চাল ভিজিএফ খাতে বিতরণ করা যাবে। স্থানীয় প্রশাসন কর্তৃক বিতরণের যে তারিখ নির্ধারণ করা হবে তা অপরিবর্তিত রেখে ভিজিএফ খাতে চাল বিতরণ নিশ্চিত করতে হবে। কোন ক্রমেই বিতরণের তারিখ পিছানো যাবে না। সংগৃহীত চাল বিলি-বিতরণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক স্থানীয় প্রশাসন কর্তৃক ভিজিএফ খাতে বিতরণের তারিখ নির্ধারণের প্রমাণক ও কী পরিমাণ সংগৃহীত চাল বিতরণ করা হয়েছে তা উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করবেন। উল্লেখ্য, সংগৃহীত চাল বিলি-বিতরণের ক্ষেত্রে কোন রকমের অনিয়ম দেখা দিলে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক এর দায়ভার বহন করবেন।

১৫-৭-২০২১

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক (গ্রেড-১)

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৭৪১/১(৭৯)

তারিখ: ৩১ আষাঢ়, ১৪২৮


১৫ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়

২) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম

- ৩) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৭) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



১৫-৭-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক (গ্রেড-১)